

প্রথম অধ্যায়: আকাইদ-বিশ্বাস

প্রশ্ন-১. আমরা কী বলে আল্লাহর শোকর আদায় করব? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: আমরা আলহামদুলিল্লাহি রাব্বিল আলামিন বলে আল্লাহর শোকর আদায় করব।

প্রশ্ন-২. ভুল হলে আল্লাহর কাছে ক্ষমা চাইব কেন? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: আল্লাহ অতি ক্ষমাশীল বলে।

প্রশ্ন-৩. মুসলিমরা আল্লাহর দেওয়া বিধি-বিধান পালন করেন। তাঁর এ বিধি-বিধান কোথায় আছে?

উত্তর: আল্লাহর বিধি-বিধান আছে কুরআন মাজিদে।

প্রশ্ন-৪. কোনো সময় শীত, কোনো সময় গরম এসব কে দেন?

উত্তর: আল্লাহ তায়ালা।

প্রশ্ন-৫. জনাব মুহিত জাহান্নাম থেকে মুক্তি পেতে চান। এক্ষেত্রে তাকে কী করতে হবে?

উত্তর: জাহান্নাম থেকে মুক্তির জন্য মুহিতকে সমস্ত পাপ কাজ থেকে বিরত থাকতে হবে।

প্রশ্ন-৬. আমরা প্রতিদিন শ্বাস নিয়ে থাকি। এসময় কোন বায়ু গ্রহণ করি?

উত্তর: শ্বাস নেওয়ার সময় আমরা অক্সিজেন গ্রহণ করি।

প্রশ্ন-৭. নদী-নালা; সাগর-মহাসাগর আল্লাহরই সৃষ্টি। এসব থেকে কীভাবে পানি বাষ্পে পরিণত হয়?

উত্তর: সূর্যের তাপে পানি বাষ্পে পরিণত হয়।

প্রশ্ন-৮. নবি-রাসূলগণ আল্লাহর নিকট থেকে ওহির মাধ্যমে জ্ঞান লাভ করতেন। তাঁদের জীবনের লক্ষ্য কী ছিল?

উত্তর: নবি-রাসূলগণের জীবনের লক্ষ্য ছিল মানুষের কল্যাণ সাধন করা।

প্রশ্ন-৯. আমাদের মহল্লার জনাব 'ক' আজ সকালে মৃত্যুবরণ করেছেন। তাকে দাফন করার আগে আমাদের কী কী কাজ করতে হবে?

উত্তর: দাফন করার আগে আমরা গোসল দিয়ে, কাফন পরিয়ে নিয়ে তার জানাযা পড়ব এবং দোয়া করব।

প্রশ্ন-১০. প্রত্যেক মৃত ব্যক্তিকে কবরে ৩টি প্রশ্ন করা হবে। এর তৃতীয় প্রশ্নের আগে কাকে দেখানো হবে?

উত্তর: হযরত মুহাম্মদ (স)কে।

প্রশ্ন-১১. হালিম শব্দের অর্থ কী?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: হালিম শব্দের অর্থ— অতি সহনশীল।

প্রশ্ন-১২. আল আসমাউল হুসনা শব্দের অর্থ কী?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: আল আসমাউল হুসনা শব্দের অর্থ 'গুণবাচক নামসমূহ'।

প্রশ্ন-১৩. ইসলাম বলতে কী বোঝ?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: আল্লাহ তায়ালার আনুগত্যের নামই ইসলাম।

প্রশ্ন-১৪. মুমিন কাকে বলে?

[প্রা.শি.স.প. ২০১৬, ২০১৫]

উত্তর: যে ব্যক্তি আল্লাহর একত্ব, তাঁর গুণাবলি, তাঁর বিধান অন্তর দিয়ে বিশ্বাস করে তাকে মুমিন বলা হয়।

প্রশ্ন-১৫. আখিরাতের জীবন শুরু হয় কখন থেকে? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: মৃত্যুর পর থেকে আখিরাতের জীবন শুরু হয়।

প্রশ্ন-১৬. 'মানু রাব্বুকা' অর্থ কী? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: তোমার রব কে?

প্রশ্ন-১৭. নবি-রাসূলগণের মূল শিক্ষা কয়টি? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: ৬টি।

প্রশ্ন-১৮. মিয়ান অর্থ কী? [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: মিয়ান অর্থ পরিমাপ যন্ত্র।

প্রশ্ন-১৯. আখিরাতের প্রথম ধাপ কোনটি? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: কবর হলো আখিরাতের প্রথম ধাপ।

প্রশ্ন-২০. কবরের প্রথম প্রশ্ন কী?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: কবরের প্রথম প্রশ্ন হলো: **من ربك** (মান রাব্বুকা) অর্থ— তোমার রব কে?

প্রশ্ন-২১. কোন কোন ফেরেশতা আমাদের পাপ-পুণ্যের হিসাব লিপিবদ্ধ করেন? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: কিরামান ও কাতেবিন নামক দুইজন ফেরেশতা আমাদের পাপ-পুণ্যের হিসাব লিপিবদ্ধ করেন।

প্রশ্ন-২২. আল্লাহু সামীউন বাসির কথাটির অর্থ কী?

[প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: আল্লাহু সামীউন বাসির কথাটির অর্থ 'আল্লাহ সব শোনেন, সব দেখেন।'

প্রশ্ন-২৩. তুমি আল্লাহ তায়ালার সুন্দর সুন্দর সৃষ্টি দেখে কী বলে শোকর আদায় করবে? [প্রা.শি.স.প. ২০১৪]

উত্তর: আমি 'আলহামদু লিল্লাহি রব্বিল আলামীন' বলে শোকর আদায় করব।

প্রশ্ন-২৪. তোমার বাবা তাওহিদ ও রিসালাতে বিশ্বাস রাখেন। তাকে কী বলা যাবে?

উত্তর: আমার বাবাকে মুমিন বলা যাবে।

প্রশ্ন-২৫. আফিয়া প্রথম নবির নাম লিখল। সে কোন নবির নাম লিখল?

উত্তর: হযরত আদম (আ)-এর নাম।

প্রশ্ন-২৬. আকাইদ ক্লাসে শিক্ষক আখিরাতে কথার আলোচনা করলেন। সে জীবনের পাপ-পুণ্য পরিমাপের যন্ত্রটির নাম কী?

উত্তর: আখিরাতে পাপপুণ্য পরিমাপের যন্ত্রটির নাম মিয়ান।

প্রশ্ন-২৭. সারা বিশ্বের পালনকর্তা কে? [প্রা.শি.স.প. ২০১৪]

উত্তর: সারা বিশ্বের পালনকর্তা আল্লাহ তায়াল।

প্রশ্ন-২৮. মানব জাতির আদি পিতা ও আদি মাতা কে কে ছিলেন?

[প্রা.শি.স.প. ২০১৪]

উত্তর: হযরত আদম (আ) ও হাওয়া (আ)।

প্রশ্ন-২৯. আল আসমাউল হুসনা শব্দের অর্থ কী? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: আল আসমাউল হুসনা শব্দের অর্থ 'গুণবাচক নামসমূহ'।

প্রশ্ন-৩০. ইসলাম বলতে কী বোঝ? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: আল্লাহ তায়ালার আনুগত্যের নামই ইসলাম।

প্রশ্ন-৩১. মুমিন কাকে বলে? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: যে ব্যক্তি আল্লাহর একত্ব, তাঁর গুণাবলি, তাঁর বিধান অন্তর দিয়ে বিশ্বাস করে তাকে মুমিন বলা হয়।

প্রশ্ন-৩২. আখিরাতে প্রথম ধাপ কোনটি? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: কবর হলো আখিরাতে প্রথম ধাপ।

প্রশ্ন-৩৩. কোন কোন ফেরেশতা আমাদের পাপ-পুণ্যের হিসাব লিপিবদ্ধ করেন? [প্রা.শি.স.প. ২০১৫]

উত্তর: কিরামান ও কাতেবিন নামক দুইজন ফেরেশতা আমাদের পাপ-পুণ্যের হিসাব লিপিবদ্ধ করেন।